# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## কেউ পরোক্ষভাবে অন্যের মাধ্যমে সালাম পাঠালে

কেউ পরোক্ষভাবে অন্যের মাধ্যমে সালাম পাঠালে যে সালাম পৌঁছাবে তাকে সহ সালামদাতাকে এই উত্তর দেওয়া বিধেয়,

وَعَلَيْكَ وَعَلَيْهِ السَّلاَمُ

(অ আলাইকা অ আলাইহিস সালা-ম)। অর্থাৎ, আর আপনার ও তাঁর উপরেও শান্তি বর্ষণ হোক।[1]

প্রকাশ থাকে যে, উত্তরে সালাম বাহককে সালাম দেওয়া ওয়াজেব নয়, মুস্তাহাব। যেহেতু আল্লাহর রাসুল (ﷺ) আয়েশাকে জিবরীলের সালাম পৌঁছালে তিনি উত্তরে কেবল ‘অআলাইহিস সালাম অরাহমাতুল্লাহ’ই বলেছিলেন।[2] আবূ যার্র (রাঃ) এর উক্ত মতে প্রেরিত সালাম হল নিতান্ত হাল্কা বহনযোগ্য একটি সুন্দর উপহার।[3]

## ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২২৫৯৪, সহীহ আবূ দাঊদ হা/৪৩৫৮, ফাতহুল বারী ১১/৪১

[2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৬২৫৩

[3]. আল-আদাবুশ শারইয়্যাহ ১/৩৯৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=7990

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন